আলমডাঙ্গায় ব্যাবসায়ীদের সাথে নির্বাচনী মতবিনিময় সভায় এ্যাড. রাসেল

আলমডাঙ্গা বিজনেস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে ব্যাবসায়িদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল রাত ৮ টার সময় আলমডাঙ্গা জেস টাওয়ারের হলরুমে বিজনেস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সভাপতি মোঃ বিল্লাল হুসেইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের এমপি প্রার্থী এ্যাড. মাসুদ পারভেজ রাসেল। ব্যাবসায়িদের কথা আমি শুনেছি, আপনাদের সকলের দাবী নিরাপত্তা, আমি কথা দিচ্ছি যদি আপনাদের ভোটে নির্বাচিত হই তাহলে ব্যাবসার পরিবেশ ফিরে আসবে ইনশাআল্লাহ।

আমি আলমডাঙ্গার সন্তান,আপনাদের সকলের কথা অনুযায়ী চাঁদাবাজি করতে দেব না। আপনারা সকলে স্বাধীনভাবে ব্যাবসা করবেন আমি কথা দিচ্ছি, সকল মানুষ স্বস্তিতে থাকবেন এটাও আমার ওয়াদা, আলমডাঙ্গার সকল ব্যাবসায়ি সমিতির পক্ষ থেকে বক্তব্য রাখেন, আলমডাঙ্গা বনিক সমিতির সাধারন সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উপদেষ্টা উপজেলা জামায়াতের আমির শফিউল আলম বকুল, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কর্মকর্তা বেসিক ব্যাংকের পরিচালক ড. আবু সালেহ মোস্তাফা কামাল, সাবেক চেয়ারম্যান জামায়াত নেতা দারুস সালাম, জামায়ত নেতা নুর মোহাম্মদ হুসাইন টিপু, সার ব্যাবসায়ি সমিতির সাধারণ সম্পাদক আলহাজ্ব হারুনার রশিদ, জুয়েলারি সমিতির সভাপতি দিলিপ কুমার চৌধুরী, বনিক সমিতির সদস্য কাচলাম ব্যাবসায়ি তোতা মিয়া, হাজী আব্দুল খালেক, হ্যামলেট ক্যাফের স্বত্বাধিকারী মুসাব আলী, ডেন্টিস্ট সজিব, হাজী মোঃ রফিকুল ইসলাম, মোঃ তোফাজ্জেল হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন, জাকির হোসেন, মো: জাহাঙ্গীর হোসেন, মোঃ আকতার আশরাফ তুষার, দেলোয়ার হোসেন, শেখ শহিদুল ইসলাম দুলু, মনিরুল ইসলাম, সাইফুল ইসলাম শিবলী, আশরাফুল হক লুলু, দুলু মিয়া, শেখ রোকনোজ্জামান রোকন, আমানুল্লাহ আমান

মো: আকুল, মো: মাসুম, বাবলু, রনি, আব্দুল জলিল, ইমরুল কায়েস,

সাইদুর রহমান বকুল, আব্দুল মজিদ, অমল কুমার অধিকারী আকবর হোসেন আকু, ফরজ আলি, তরিকুল ইসলাম সুমন, জোসেফ, ফিরোজ, মিজানুর রহমান, আব্দুল লতিফ লালটু প্রমুখ।

মেহেরপুর অবৈধভাবে মাটি কাটার অপরাধে ব্যাবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিলপাড়ায় অবৈধভাবে মাটি কাটার অপরাধে ১ জন ব্যাবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্মমান আদালত।

গতকাল মঙ্গলবার সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা এ রায় দেন।

এ সময় অবৈধভাবে মাটি কাটার অপরাধে বালুমহাল ও মাটি ব্যাবস্থাপনা আইন ২০১০ সালের ১৫(১) ধারায় এক ব্যাক্তির কাছ থেকে ১ লক্ষ টাকা জরিমানা আদায় করেন।

ঝিনাইদহে ব্যাবসায়ী সুদীপ হত্যার ময়নাতদন্ত রিপোর্ট নিয়ে গড়িমিসি’র অভিযোগ

ঝিনাইদহের ব্যবসায়ী সুদীপ জোয়ার্দারের মৃত্যুকে ঘিরে রহস্য ও সন্দেহের দানা বাঁধছে। ঘটনার ২০ দিন পার হলেও ময়নাতদন্ত প্রতিবেদন প্রকাশ না হওয়ায় উদ্বেগ জানিয়ে সংবাদ সম্মেলন করেছেন

তার বন্ধুমহল ও স্বজনরা।
বৃহস্পতিবার (২৪ জুলাই) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে ব্যবসায়ী সুদীপের মৃত্যুকে ‘সুপরিকল্পিত হত্যাকান্ড’ দাবি করে লিখিত বক্তব্য পাঠ করেন তার বন্ধু সওগাতুল ইসলাম হিমেল।
লিখিত বক্তব্যে বলা হয়, বিপুল পরিমাণ সম্পত্তির লোভে গত ৫ জুলাই রাতে সুদীপকে তার সৎ মা চম্পা রানী ও সৎ ভাই শিলন জোয়ারদার হত্যা করে। এরপর বিষয়টি আত্মহত্যা বলে প্রচার করতে থাকে।
লিখিত বক্তব্যে হিমেল আরো বলেন, মরদেহে মাথা, পিঠ ও পায়ে আঘাতের চিহ্ন ছিল, যা আত্মহত্যার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। মৃত্যুর পর তার পিতা সুনীল জোয়ারদার, সৎ মা ও সৎ ভাই তাড়াহুড়া করে লাশ দাহ করার চেষ্টা করেন।
লিখিত বক্তব্যে বলা হয়, মৃত্যুর আগে দীর্ঘদিন সুদীপ পারিবারিকভাবে অবহেলা ও মানসিক নির্যাতনের শিকার ছিলেন। অর্থনৈতিকভাবে স্বচ্ছল পরিবারে জন্ম নিয়েও তাকে মাত্র ১৩০ টাকা মজুরিতে কাজ করতে হতো।
সংবাদ সম্মেলনে ময়না তদন্তের রিপোর্ট ২০ দিনেও না আসায় তদন্তের গতি ও স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তোলা হয়। তার বন্ধুরা আগামী সাত কর্মদিবসের মধ্যে ময়না তদন্তের প্রতিবেদন প্রকাশের দাবি জানিয়ে জানান, বত্যয় ঘটলে তারা কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবেন।
এ সময় সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, সুদীপ জোয়ার্দারের মামা প্রভাত রায়, ফুপা দেব প্রসাদ রায়, বন্ধু মহলের আবিদ হাসান নয়ন, বাদশা বুলবুল, ফাহাদ মাহমুদ, মেহেদী হাসান, শোভন সাহা, আব্দুল্লাহ আল নোমান, এম এম মনিরুজ্জামান, সামিউল হক ও স্বাধীন রহমানসহ প্রতিবেশিরা
উল্লেখ্য ব্যবসায়ী সুদীপ জোয়ার্দারের রহস্যজনক মৃত্যুর পর ঝিনাইদহ ও ঢাকায় একাধিক মানববন্ধন, বিক্ষোভ এবং স্মারকলিপি প্রদান কর্মসূচি পালিত হয়। এ ঘটনার পর থেকে সৎ মা চম্পা রানী ও সৎ ভাই শিলন জোয়ারদার পলাতক রয়েছে।

দর্শনায় গাঁজাসহ ব্যাবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৫কেজি গাঁজাসহ হৃদয়কে (২৫) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতাকৃত হৃদয় পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ঝাঁজাডাঙ্গা গ্রামের মৃত্যু সুন্নত আলীর ছেলে।

সোমবার দিনগত রাত ১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে,অভিযান চালায় দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সীমান্তবর্তী ঝাঝাডাঙ্গা গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই মাসুদুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ঝাঝাডাঙ্গা ঈদগাহ পাড়ায় অভিযান চালায়।

এ সময় পুলিশ হৃদয়ের ১তলা বাড়ির ভিতর থেকে প্লাস্টিকে মেড়ানো লালটেপ জাড়ানো অভিনব কায়দায় লুকানো ভারতীয় ১৫ কেজি গাঁজা উদ্ধার করে।

এ ঘটনায় এস আই মাসুদুর রহমান বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

মুজিবনগরে ৫ গ্রাম হেরোইন সহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে পাঁচ গ্রাম হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

মোনাখালী দক্ষিণ পাড়ার খেলার মাঠে মাদক বিক্রির উদ্দেশ্যে কিছু মাদক ব্যবসায়ী অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলের নির্দেশে, শনিবার রাত সাড়ে দশটার দিকে মুজিবনগর থানার এসআই সুভাস কুমার

রায়, এস আই বিপ্লব কুমার হালদার, এএস আই মোঃ আব্দুল আলিম এবং এএসআই শিহাব উদ্দিনসহ সংগীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মোনাখালী গ্রামের দক্ষিণ পাড়ার মৃত মোনাজাত আলীর ছেলে বুলবুল(৩৫) এবং দারিয়াপুর ইউনিয়নের বিদ্যাধরপুর গ্রামের কুঠিপাড়ার শুকুর আলীর ছেলে সাইফুল ইসলামকে (২৩) ৫ গ্রাম হেরোইন সহ হাতেনাতে আটক করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়েছে রবিবার তাদের নামে ৫/১১০ তাং১৬/১০/২২ধারা এবং ২০১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ৮(ক) মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।